



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

বিজ্ঞপ্তি

বেসরকারি পর্যায়ে ব্যক্তি মালিকানায় বীজ শিল্পের সম্প্রসারণ এবং গুণগত মানসম্পন্ন বীজের উৎপাদন ও ব্যবহার বাড়িয়ে সামগ্রিকভাবে ফলন বাড়ানোর জন্য বিএডিসি'র বীজ শাখা সেবা প্রদান কর্মসূচি গ্রহণ করেছে। এ কর্মসূচির আওতায় প্রাথমিক পর্যায়ে বিএডিসি'র বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে নূন্যতম সার্ভিস-চার্জ এর বিনিময়ে দক্ষ ও প্রশিক্ষণ প্রাপ্ত জনবল ও অত্যাধুনিক যন্ত্রপাতির সাহায্যে ব্যক্তি মালিকানাধীন/বেসরকারি বীজ উৎপাদনকারী ও ব্যবসায়ী/কৃষকগণের ধান, গম ও ভূট্টার বীজ সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের জন্য নিম্নোক্ত সুযোগ-সুবিধা প্রদান করেছে।

*বীজের প্রয়োজনীয় ক্লিনিং ও গ্রেডিংকরণ।

*বীজের আর্দ্রতা, বিশুদ্ধতা ও অংকুরোদগম ক্ষমতা পরীক্ষাকরণ।

*মেশিনের সাহায্যে বীজ শুকানো।

*বীজের পোকা-মাকড় দমন।

*নির্দিষ্ট সময়ের জন্য সংরক্ষণাগারে বীজ সংরক্ষণ।

আগ্রহী কৃষক, বীজ উৎপাদনকারী ও ব্যবসায়ী প্রতিষ্ঠান বিস্তারিত পদ্ধতি এবং সংশ্লিষ্ট তথ্য জানার জন্য বিএডিসি'র সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র/বীজ পরীক্ষাগারের অফিস প্রধান (উপ-পরিচালক/যুগ্ম-পরিচালক) এর সংগে যোগাযোগ করতে পারেন।

আদেশক্রমে
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।